

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৫

০৬ জুলাই ২০২১
তারিখঃ -----
২২ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণগ্রহীতা কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদন (Financial Statements) যাচাই করা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ০৪ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ এর মাধ্যমে ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং হালনাগাদ Statutory Audit Report গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০২। ঋণ প্রাপ্তির লক্ষ্যে ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদনটি অনুমোদিত নিরীক্ষা ফর্ম কর্তৃক নিরীক্ষিত ও স্বাক্ষরিত কি না ব্যাংক কর্তৃক তা যাচাই করা হয়। নিরীক্ষা ফর্ম কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনগুলো স্টেকহোল্ডার কর্তৃক অনলাইনের মাধ্যমে সহজে যাচাই করার লক্ষ্যে The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) কর্তৃক Document Verification System (DVS) নামীয় একটি সিস্টেম Develop করা হয়েছে। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ব্যাংক কর্তৃক যাচাইকালে ICAB কর্তৃক Develop-কৃত উক্ত DVS ব্যবহার করার সুযোগ রয়েছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে ব্যাংকিং খাতে অধিকতর ঋণ শৃঙ্খলা এবং খেলাপী ঋণ হ্রাসকল্পে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণগ্রহীতা কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদন ব্যাংক কর্তৃক যাচাইকালে প্রতিবেদনের তথ্যাবলি ICAB কর্তৃক Develop-কৃত DVS-এ প্রদত্ত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা নিশ্চিত হতে হবে। ICAB এতদ্বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে সম্মত রয়েছে। এ লক্ষ্যে তফসিলি ব্যাংকসমূহ DVS ব্যবহার করার নিমিত্ত স্বীয় উদ্যোগে ICAB এর সাথে যোগাযোগ স্থাপনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২